# জাতিসংঘে হাইতির প্রধানমন্ত্রীর সঙ্গে তারেক রহমানের বৈঠক



ছবি: সংগৃহীত

নিউইয়র্কে জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনে অংশ নেওয়ার ফাঁকে বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে বৈঠক করেছেন হাইতির প্রধানমন্ত্রী আলিক্স দিদিয়ে ফিস-আইমে।

মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) জাতিসংঘ সদর দফতরে অনুষ্ঠিত ওই বৈঠকে দুই দেশের সম্পর্কের পাশাপাশি পারস্পরিক স্বার্থের নানা বিষয় নিয়ে আলোচনা হয়। এ সময় আঞ্চলিক ও আন্তর্জাতিক বিভিন্ন ইস্যুতে বাংলাদেশ ও হাইতির সহযোগিতার ক্ষেত্র নিয়েও মতবিনিময় করেন দুই দেশের সরকারপ্রধান।

বৈঠকে দুই দেশের মানুষের পারস্পরিক সুবিধা ও কল্যাণে সহযোগিতা আরও বাড়ানোর ওপর গুরুত্ব দেওয়া হয়। পাশাপাশি বিদ্যমান দ্বিপক্ষীয় সম্পর্ককে বিভিন্ন ক্ষেত্রে আরও বিস্তৃত করার সম্ভাবনা নিয়েও আলোচনা করেন প্রধানমন্ত্রী তারেক রহমান ও হাইতির প্রধানমন্ত্রী আলিক্স দিদিয়ে ফিস-আইমে।

LENS ASIA